

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। মাস ক্লিনিং কাজের কমিটি কর্তৃক অনুমোদিত দরের কপি।
- ৩। প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
- ৪। প্রাক্কলনের কপি।

বিষয়: মডস জোন-২ এর আওতাধীন ডুরি আব্দুল লেন (হোল্ডিং নং- ৩১-৮৫), আব্দুল আজিজ লেন (হোল্ডিং নং- ০৮-৪৬/১), নবাবগঞ্জ (হোল্ডিং নং- ২৫-৬৪), ললিত মোহন দাস লেন (হোল্ডিং নং- ০২-৩৫/১), পিলখানা রোড (হোল্ডিং নং- ০১-৩৭), কাশিরিটোলা লেন (হোল্ডিং নং- ০১-১০/এ), লালবাগ ভাট মসজিদ (হোল্ডিং নং- ২১০-২২৬) সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্নাজ অপসারণ কাজ (গ্রুপ-০৬)।

০১। সদয় অবগত করানো যাচ্ছে যে, মডস জোন-২ ঢাকা ওয়াসা এর অন্যতম জনবহুল বানিজ্যিক, আবাসিক এবং পর্যটন শহর। এই জোনের আওতাধীন এলাকায় লালবাগের কেলা, আহসান মঞ্জিল, হোসেনী দালান, ছোট কাটরা, বড় কাটরা, মকিম বাজার ইত্যাদি ঐতিহাসিক স্থাপনা এবং চকবাজার, মৌলভী বাজার, ইসলামপুর, সদরঘাটসহ গুরুত্বপূর্ণ বাণিজ্যিক স্থান রয়েছে। ফলে দেশী বিদেশী পর্যটক ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গসহ ব্যবসায়িক ও সাধারণ ব্যক্তিগণ চলাচল করে থাকেন। এম.আই.এস রিপোর্ট অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৬২ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৩৫০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য বিঘ্নিত হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। বিভাগীয় সীমিত লোকবল দ্বারা কাজ চালিয়ে নেয়া হচ্ছে। কিন্তু সুষ্ঠুভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষণ রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন শীতের পূর্বেই জরুরী ভিত্তিতে সুয়ার লাইন ও ম্যানহোলের মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন। কেননা শীত মৌসুমে পয়ঃ মাস্ ক্লিনিং কাজে নিয়োজিত শ্রমীকগণ ঠান্ডা আবহাওয়ায় প্রচণ্ড শীতের মাধ্যে পয়ঃ ম্যানহোলে প্রবেশ করে প্রায়ই অসুস্থ হয়ে যায়, ফলে মাস্ ক্লিনিং কাজ নিরবিচ্ছিন্নভাবে পরিচালনায় ব্যাঘাত সৃষ্টি হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে মৌখিক আলোচনার প্রেক্ষিতে পূর্ববর্তী বছরের ন্যায় দৈনিক মজুরী ভিত্তিতে কাজ করার পরিকল্পনা করা হয়েছে। সেই প্রেক্ষিতে মডস জোন-২ এর সমগ্র এলাকাকে (২২ গ্রুপ মাস্ ক্লিনিং) ২২ টি ভাগে বিভক্ত করা হয়। উক্ত ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায় ৭ টি গ্রুপের মাস ক্লিনিং ও উত্তোলিত স্নাজ অপসারণের কাজ Force Account এর মাধ্যমে সম্পন্ন করার জন্য প্রস্তাব করা হলো।

মডস জোন-২ এর আওতাধীন এলাকায় বৎসরিক মাস ক্লিনিং কাজের ১ম পর্যায় মাস্ ক্লিনিং ও উত্তোলিত স্নাজ সরানো সহ (৭ টি নথি) নথির কাজ আগামী ২৬/০১/২০২৫ইং তারিখ হতে শুরু করা যেতে পারে। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-১ সাহেবকে কাজের অগ্রগতির তথ্যসহ ই-মেইলে কাজ শেষে ছবি প্রেরণ করা হবে। যে সকল স্থানে ১ম পর্যায় কাজ সম্পন্ন হবে হবে নিম্নে তার বিবরণ দেয়া হল।

ক) ডুরি আব্দুল লেন, আব্দুল আজিজ লেন, নবাবগঞ্জ, ললিত মোহন দাস লেন, পিলখানা রোড, কাশিরিটোলা লেন, লালবাগ ভাট মসজিদ সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্নাজ অপসারণ কাজ (গ্রুপ-০৬) এ (২০০ মিমি ব্যাসের-১.৫০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৭০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-১.৪০ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৭০ কিঃমিঃ) মোট ৫.৩০ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২১৫ টি ম্যানহোল পরিষ্কার করা হবে।

খ) শেখ সাহেব বাজার, সুবল দাস রোড, নগর বেলতলী, ঋষিগাড়া, লালবাগ রোড, কাজী রিয়াজ উদ্দিন রোড, পুস্পরাজ সাহা লেন, জগন্নাথ সাহা রোড, রাজা শ্রীনাথ স্ট্রিট, হরমোহন শীল স্ট্রিট সহ আশপাশের এলাকায় বিদ্যমান

বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (গ্রুপ-৩) এ (২০০ মিমি ব্যাসের-২.৫০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৮০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-০.৩০ কিঃমিঃ, ৪০০ মিমি ব্যাসের-০.৬০ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৫০ কিঃমিঃ) মোট ৫.৭ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৭৩ টি ম্যানহোল পরিষ্কার করা হবে।

গ) হাজারীবাগ রোড, মনেশ্বর রোড, মনেশ্বর ১ম ও ২য় লেন, গজমহল, বিগাতলা, নবীপুর সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (গ্রুপ-৮) এ (২০০ মিমি ব্যাসের-০.২০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.১০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-০.৮৫ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৫০ কিঃমিঃ) মোট ২.৬৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৯৬ টি ম্যানহোল পরিষ্কার করা হবে।

ঘ) চাঁনখারপুল, আলী নেকী দেউড়ি, নবাব কাটরা, আবুল হাসনাত রোড লেন, বংশাল রোড লেন, টি এন্ড টি-র গলি, কিউট-এর গলি, চুড়ি ওয়ালা গলি, সাত রওজা রোড লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (গ্রুপ-১৪) এ (২০০ মিমি ব্যাসের-১.২০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৫০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-০.৩৫ কিঃমিঃ, ৪০০ মিমি ব্যাসের-০.৪০ কিঃমিঃ, ৬০০ মিমি ব্যাসের-০.৭০ কিঃমিঃ, ৯০০ মিমি ব্যাসের-০.৮০ কিঃমিঃ) মোট ৪.৯৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১৬৮ টি ম্যানহোল পরিষ্কার করা হবে।

ঙ) হাজী রহিম বক্স লেন, শায়েস্তা খান রোড, খাজে দেওয়ান ১ম ও ২য় লেন, হরনাথ ঘোষ রোড, কে.বি. বুদ্ধ রোড, খাজেদল সিং লেন, গৌরসুন্দর রায় এলাকা সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (গ্রুপ-১৬) এ (২০০ মিমি ব্যাসের-২.৩৫ কিঃমিঃ, ৪৫০ মিমি ব্যাসের-০.৩৫ কিঃমিঃ, ৮০০ মিমি ব্যাসের-১.০ কিঃমিঃ, ২৫০০ মিমি ব্যাসের-২.২০ কিঃমিঃ) মোট ৫.৯ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ১২৪ টি ম্যানহোল পরিষ্কার করা হবে।

চ) নূরবক্স লেন, কসাইটুলী, কেপি ঘোষ স্ট্রিট, হাজী আব্দুর রশিদ লেন, মাহততুলী, সামসাবাদ, আরমানিটোলা, কেএম আজম লেন, গোলাম মোস্তফা লেন, নাবালক মিয়া লেন সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (গ্রুপ-১১) এ (২০০ মিমি ব্যাসের-২.০০ কিঃমিঃ, ২৫০ মিমি ব্যাসের-১.৫০ কিঃমিঃ, ৩০০ মিমি ব্যাসের-১.৪৫ কিঃমিঃ, ৪৫০ মিমি ব্যাসের-০.৮ কিঃমিঃ, ৮০০ মিমি ব্যাসের-০.৬০ কিঃমিঃ) মোট ৬.৩৫ কিঃমিঃ পয়ঃ লাইন ক্লিনিং সহ ২১৮ টি ম্যানহোল পরিষ্কার করা হবে।

ছ) নবাবগঞ্জ পয়ঃ লিফট স্টেশন হইতে লালবাগ চৌরাস্তা পর্যন্ত ট্রাংক পয়ঃ লাইন মাস্ ক্লিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (গ্রুপ-২২) এ (৮০০ মিমি ব্যাসের-০.৮৪৫ কিঃমিঃ) মোট ০.৮৪৫ কিঃমিঃ পয়ঃ লাইন পরিষ্কার করা হবে।

পয়ঃলাইন ও ম্যানহোল পিট বাৎসরিক রুটিন অনুযায়ী ক্লিনিং কাজ করা হলে ওভারফ্লো এর অভিযোগ কম থাকে। সেই প্রেক্ষিতে ২২ টি গ্রুপের মধ্যে ১ম পর্যায় কাজ শুরুর জন্য মডস্ জোন-২ এর আওতাধীন ডুরি আব্দুল লেন, আব্দুল আজিজ লেন, নবাবগঞ্জ, ললিত মোহন দাস লেন, পিলখানা রোড, কাশিয়ারিটোলা লেন, লালবাগ ভাট মসজিদ সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ ক্লিনিং কাজ (গ্রুপ-০৬) সহ আশপাশের এলাকায় ২০ দিন ব্যাপী কয়েকটি ভাগে বিভক্ত করিয়া মাস্ ক্লিনিং কাজ করার জন্য প্লাস্টিকের বস্তা ক্রয় এবং উত্তোলিত স্লাজ অপসারণের জন্য ভ্যান ও ট্রাক ভাড়া বাদে শুধু মাত্র ডেইলি লেবার বাবদ দর নির্ধারণ কমিটির অনুমোদিত দর অনুযায়ী ০১ টি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে = ২,৮৮,০০০/- (দুই লক্ষ আটশি হাজার) টাকা মাত্র। নথিটি অনুমোদিত হলে উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস্ জোন-২ এর অনুকূলে ইস্যু করা যেতে পারে।


Don't

ঢাকা ওয়াসা


০২। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে সূচ্য পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে মডস জোন-২ এর আওতাধীন ডুরি আসুল লেন, আব্দুল আজিজ লেন, নবাবগঞ্জ, ললিত মোহন দাস লেন, পিলখানা রোড, কাশ্মিরিটোলা লেন, লালবাগ ভাট মসজিদ সহ আশপাশের এলাকায় বিদ্যমান বিভিন্ন ব্যাসের পয়ঃ লাইনের মাস্ট্র স্ক্রিনিং কাজ ও উত্তোলিত স্লাজ অপসারণ কাজ (গ্রুপ-০৬) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৮(১) ধারা (Force Account) অনুসারে =২,৮৮,০০০/- (দুই লক্ষ আটাত্তিশ হাজার) টাকার প্রকল্পনটি বিগত বছরের ন্যয় উক্ত টাকার চেক নির্বাহী প্রকৌশলী, মডস জোন-২ এর অনুকূলে অনুমোদন করা যেতে পারে। ইস্যু কৃত চেক হতে প্রাপ্ত টাকা বর্নিত কাজে ব্যয় করা হবে এবং কাজ শেষে লেবার বিলের মাধ্যমে উহা সমন্বয় করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার ২০২৪-২৫ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৭৭ RS হতে (Force Account) মাধ্যমে নির্বাহ করা হবে (কপি সংযুক্ত)।


২২/০১/২৫
মোঃ হিঃ আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।


১৭/০১/২০২৫
সোনিয়া আক্তার
সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।


২১/০১/২৫
মোঃ হিঃ আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২, ঢাকা ওয়াসা।

৩। স্মারক নং- ৪৬.১১৩.২০৮.০০.০১৩.১৪৬.২০১৩-৩৭২২, তাং- ০৭.১০.২০২৪ইং মূলে গঠিত টাক্সফোর্স এর পর্যবেক্ষণ ও সুপারিশের ভিত্তিতে কাজটি বাস্তবায়নের শর্তে অনুচ্ছেদ-২ এর সুপারিশ অনুমোদন করা যেতে পারে।


২২/০১/২৫
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০৪। স্মারক নং- ০২-২০ প্রকল্পন নং- ০২-২০ (মডস জোন-২) (মডস জোন-২) (মডস জোন-২)


২৭/০১/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা



২৭/০১/২০২৫


২৪/১১/২০২৪
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-সহকারী প্রকৌশলী (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


২৭/০১/২০২৫


২৭/০১/২০২৫
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।


২৭/০১/২০২৫
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-সহকারী প্রকৌশলী (পরিচালন ও রক্ষাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।


২৭/০১/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।